



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.১৯.০৩৭.২০-১২০

তারিখ : ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিষয় : ইউনিয়ন পরিষদের সচিবগণের চলমান কার্যক্রম পর্যালোচনা, স্থানীয় পর্যায়ে উদ্ভূত সমস্যা সমাধান এবং ভবিষ্যত পরিকল্পনা বিষয়ে দুই মাস অন্তর সভা আয়োজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে ইউপি সচিবগণ পরিষদের তহবিল পরিচালনা, বার্ষিক বাজেট প্রণয়ন, স্কিম প্রণয়ন, প্রাক্কলন তৈরি, পরিষদের সভা এবং স্থায়ী কমিটির সভায় অংশগ্রহণ, কার্যবিবরণী লিপিবদ্ধকরণ, পরিষদের সকল নথি, দলিলাদি, রেকর্ডপত্র, রেজিস্ট্রারসমূহ সংরক্ষণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্য সম্পাদন করেন। উক্ত সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার ক্ষেত্রে ইউপি সচিবগণ নানাবিধ সমস্যার সম্মুখীন হয়। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-গণ দুই মাস অন্তর ইউপি সচিবদের নিয়ে তাদের চলমান কার্যক্রম পর্যালোচনা, কার্যক্রম বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যাসহ ভবিষ্যত পরিকল্পনা বিষয়ক সভা আয়োজন করা যেতে পারে। এ সভা স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে কার্যকর ও ইতিবাচক ভূমিকা রাখবে। সভায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকের উপস্থিতি ও দিকনির্দেশনা ইউপি সচিবগণের দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে।

০২। এমতাবস্থায়, উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) এর সভাপতিত্বে দুই মাস অন্তর “ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে ইউপি সচিবগণের চলমান কার্যক্রম পর্যালোচনা, স্থানীয় পর্যায়ে উদ্ভূত সমস্যা সমাধান এবং ভবিষ্যত পরিকল্পনা” বিষয়ক সভা আয়োজন এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৭/১/২০২১

(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up1lgd@gmail.com

জেলা প্রশাসক (সকল)

-----জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল)-----বিভাগ।
- ২। পরিচালক, স্থানীয় সরকার (সকল)-----বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল)-----জেলা।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার-----উপজেলা-----জেলা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।